

9047 - পাপকারীর ওপর পাপের কি কুপ্রভাব রয়েছে?

প্রশ্ন

আমার পিতা বলছেন: আমি এমন এক পাপে লিপ্ত হয়েছি যে পাপ গোটা পরিবারের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। পাপের পরবর্তীতে তারা কিছু কঠিন সময় অতিবাহিত করেছে; যেমন চুরির মাধ্যমে তাদের কিছু সম্পদ হারানো ও কিছু জরিমানা দেয়া। এগুলো কি আমার গুনাহর কারণে ঘটতে পারে? মনে হয় এমন কথা সঠিক নয়। কারণ কোন একজন মা গুনাহতে লিপ্ত হওয়ার কারণে আল্লাহ্ কি তার সব বাচ্চাকে শাস্তি দিবেন?

প্রিয় উত্তর

অন্যের গুনাহর কারণে ব্যক্তিকে পাকড়াও করা হয় না। প্রত্যেক ব্যক্তির কাছ থেকে তার নিজের আমলের হিসাব নেয়া হবে। আল্লাহ্ তাআলা বলেন: *“আর কোনো বহনকারী অন্যের (পাপের) বোঝা বহন করবে না।”* [সূরা ফাতির, আয়াত: ১৯] কিন্তু কোন পিতামাতা যদি পাপে লিপ্ত হয় তাহলে পরিবারের সদস্যরা তাকে অনুকরণ করবে। [মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (২/৬১০)]

তবে হতে পারে পাপের গ্লানি পাপকারীর গণ্ডি পেরিয়ে পরিবারের কিছু সদস্য পর্যন্ত পৌঁছতে পারে। এভাবে সেটি পাপীর জন্য ও পাপীর পরিবারের জন্য শাস্তি হতে পারে। আল্লাহ্ তাআলা ব্যক্তিকে বিভিন্ন মুসিবতের মাধ্যমে পরীক্ষা করেন; তার পাপ মোচন করার জন্য। আবার কখনও নেয়ামত দেয়ার মাধ্যমেও পরীক্ষা করেন। তিনি বলেন: *“আমরা তোমাদেরকে মন্দ ও ভাল দ্বারা বিশেষভাবে পরীক্ষা করে থাকি।”* [সূরা আশ্বিয়া, আয়াত: ৩৫]

সর্বপরি একজন মুসলিমের উপর আবশ্যিক হলো পাপ থেকে বিরত থাকা; যাতে করে তার উপর আল্লাহ্র অসন্তুষ্টি ও ক্রোধ নাযিল না হয়। আল্লাহ্ই সর্বজ্ঞ।